তারিখ ...
পৃষ্ঠা ... কলাম ...

*THE BANGLADESH OBSERVER*

# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

## শিক্ষা মন্ত্রণালয়

নংঃশাঃ১১/বিবিধ-২৭/৯৬(অংশ-১)/৫৩০-শিক্ষা,    তারিখঃ ৩০-০৫-২০০১ খ্রিঃ

# বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ইংরেজী মাধ্যমে পরিচালিত নার্সারী, কিন্ডারগার্টেন প্রিপারেটরী, জুনিয়র কেমব্রিজ, কেমব্রিজ, সিনিয়র কেমব্রিজ বা সমমানের পাঠক্রম অনুযায়ী শিক্ষাদানকারী সকুল সমূহের রেজিষ্ট্রেশনের জন্য সম্প্রতি বেসরকারী স্কুল (ইংরেজী মাধ্যম) রেজিষ্ট্রেশন বিধিমালা, ১৯৯৯ জারী করা হয়েছে। উক্ত বিধিমালা অনুযায়ী বেসরকারী স্কুল স্থাপনকারী বা পরিচালনাকারী ব্যক্তি বা ব্যক্তিগণকে স্কুল রেজিষ্ট্রেশনের জন্য নিম্নে বর্ণিত ফি সহ নিম্নে উল্লেখিত রেজিষ্ট্রেশন কর্তৃপক্ষের নিকট নির্ধারিত ফরমে আবেদন পেশ করতে হবেঃ-

| ক্রঃনং | স্কুলের শ্রেণী ও রেজিষ্ট্রেশন কর্তৃপক্ষ - | রেজিষ্ট্রেশন ফিস |
|---|---|---|
| (১) | নার্সারী, কিন্ডারগার্টেন ও প্রিপারেটরী স্কুলের জন্য মহা-পরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর অথবা বিভাগীয় উপ-পরিচালক। | ১,৫০০/- (এক হাজার পাঁচশত) টাকা মাত্র। |
| (২) | জুনিয়র কেমব্রিজ বা সমমানের স্কুলের জন্য মহা-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর অথবা আঞ্চলিক উপ-পরিচালক। | ৩,০০০/- (তিন হাজার) টাকা মাত্র। |
| (৩) | কেমব্রিজ ও সিনিয়র কেমব্রিজ বা সমমানের স্কুলের জন্য সংশ্লিষ্ট মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড। | ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা মাত্র। |

২। Registration of private schools ordinance, 1962 (xx of 1962) এর ৩ ধারা অনুযায়ী সকল বেসরকারী স্কুলের রেজিষ্ট্রেশন বাধ্যতামূলক। এ ছাড়া রেজিষ্ট্রেশন বিহীন স্কুলের কার্যক্রম পরিচালনা করা আইনের পরিপন্থি এবং এজন্য ০১ (এক) বৎসর পর্যন্ত কারাদন্ড অথবা ১০,০০০/- (দশ হাজার) টাকা জরিমানা অথবা উভয় দন্ড হতে পারে। রেজিষ্ট্রেশনের বিষয়ে ইতোপূর্বেও বিজ্ঞপ্তির মাধ্যমে সংশ্লিষ্ট সকলকে পরামর্শ দেয়া হয়েছিল। উল্লেখ্য, রেজিষ্ট্রেশন সংক্রান্ত অন্যান্য তথ্যাদি/শর্তাবলী সংশ্লিষ্ট রেজিষ্ট্রেশন কর্তৃপক্ষের নিকট হতে সংগ্রহ করা যেতে পারে।

৩। অতএব, যাঁরা এখনও রেজিষ্ট্রেশন বিহীন স্কুল পরিচালনা করছেন, তাঁদেরকে আগামী ৩০-০৬-২০০১ তারিখের মধ্যে যথাযথ কর্তৃপক্ষের নিকট থেকে রেজিষ্ট্রেশন নেয়ার লক্ষ্যে নির্ধারিত ফরমে আবেদন করার জন্য পূণঃ অনুরোধ করা হলো।

(মোঃ ইউনুসর রহমান)
সিনিয়র সহকারী সচিব
ফোন নংঃ ৮৬১৩৬৪০-৪৯/৩৯৮৮৪